



ট্রান্সপারেন্সি
ইন্টারন্যাশনাল
বাংলাদেশ

দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

মুহন চিত্রাম,
সিটি মার্কেট ও ৩০০মার্কেট
০৮১৫৫৮

সচেতন নাগরিক কমিটি (সনাক)
দিনাজপুর

উত্তর বালুবাড়ী, দিনাজপুর-৫২০০, মোবাইল: ০১৭৩০-৭২৬৭৩৬
সনাক ই-মেইল- ccc.dinajpur@ti-bangladesh.org

স্মারক: সিসিসি-দিনাজপুর/প্যাকটা/২০২৪/

তারিখ: ০৫ ডিসেম্বর, ২০২৪

বরাবর

অধ্যক্ষ,

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

বিষয়: তথ্যমেলায় অংশগ্রহণের আমন্ত্রণ প্রসঙ্গ।

প্রিয় মহোদয়,

সচেতন নাগরিক কমিটি (সনাক), টিআইবি, দিনাজপুর-এর পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা নেবেন।

তথ্য অধিকার আইন অনুযায়ী সরকারি-বেসরকারি সেবাদানকারী প্রতিষ্ঠানের তথ্য পাওয়া নাগরিকদের অধিকার। তথ্য অধিকার আইন কার্যকর করা ও অবাধ তথ্য প্রবাহের লক্ষ্যে জেলা প্রশাসন, দিনাজপুর এর সহযোগিতায় সচেতন নাগরিক কমিটি (সনাক), এর উদ্যোগে ৯-১০ ডিসেম্বর ২০২৪ খ্রি. দিনাজপুর ইনস্টিটিউট মাঠে তথ্যমেলার আয়োজন করেছে। তথ্যমেলার উদ্বোধন করবেন জনাব মোঃ রফিকুল ইসলাম, জেলা প্রশাসক দিনাজপুর এবং বিশেষ অতিথি হিসাবে জনাব নাজমুল হাসান, পুলিশ সুপার, জনাব ডাঃ মোঃ আসিফ ফেরদৌস, সিভিল সার্জন এবং জনাব মোঃ আতাউর রহমান সরকার, উপ-পরিচালক দুর্নীতি দমন কমিশন দিনাজপুর উপস্থিত থাকার সম্মতি জ্ঞাপন করেছেন।

নাগরিকগণ ও তরুণ শিক্ষার্থীদের মধ্যে তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এ তথ্যমেলা অত্যন্ত কার্যকরী হবে বলে আমরা বিশ্বাস করি এবং একই সাথে উক্ত আইনে তথ্য প্রাপ্তির আবেদন করার প্রক্রিয়া সম্পর্কে জেনে ভবিষ্যতে কার্যকরভাবে ব্যবহারের সুযোগ পাবে। আরও জানাচ্ছি যে, ১০ ডিসেম্বর (মঙ্গলবার) বিকাল ৩.০০টায় মেলা প্রাঙ্গণে শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত কুইজ প্রতিযোগিতা থাকবে।

তারিখ : ৯ ও ১০ ডিসেম্বর, ২০২৪

স্থান : ইনস্টিটিউট মাঠ

সময় : বিকাল ৩ টা থেকে রাত ৮টা পর্যন্ত।

উক্ত তথ্যমেলায় আপনাকে আমন্ত্রণ জানাচ্ছি এবং আপনার মাধ্যমে আপনার প্রতিষ্ঠানের শিক্ষক, শিক্ষার্থীদের তথ্যমেলা পরিদর্শনের অনুরোধ জানাচ্ছি। আপনার সহযোগিতা তথ্য অধিকার আইনের যথাযথ বাস্তবায়নকে আরও ত্বরান্বিত এবং দুর্নীতিবিরোধী আন্দোলনকে বেগবান করবে।

ধন্যবাদান্তে

(মোঃ হাবিবুল ইসলাম)

সভাপতি

সচেতন নাগরিক কমিটি (সনাক), দিনাজপুর।

টিআইবি, ঢাকা অফিস: মাইডাস সেন্টার(৪র্থ ও ৫ম তলা) বাড়ি # ০৫, সড়ক # ১৬(নতুন) ২৭(পুরাতন), ধানমন্ডি, ঢাকা- ১২০৯, বাংলাদেশ

ফোন: ৮৮০-২-৪৮১১৩০৩২, ৪৮১১৩০৩৩, ৪৮১১৩০৩৬, ফ্যাক্স: ৪৮১১৩১০১

info@ti-bangladesh.org; website: www.ti-bangladesh.org; www.facebook.com/TIBangladesh